# চট্টগ্রাম সিটি কর্পোরেশন
# জনসংযোগ শাখা
# প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২০ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

## সিটি মেয়রের নিকট আত্মীয় বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর আবু জাফর মোহাম্মদ ফারুকের মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম কলেজের সাবেক প্রফেসর, সিটি মেয়রের নিকট আত্মীয় ও বিশিষ্ট শিক্ষাবিদ আবু জাফর মোহাম্মদ ফারুক এর মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

চট্টগ্রাম- ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩১ তম সাধারণ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচিত ৫ম পরিষদের ৩১ তম সাধারণ সভা ২০ ফেব্রুয়ারি ২০১৮খ্রি. মঙ্গলবার, দুপুরে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় নির্বাচিত পরিষদের সাধারণ ওয়ার্ড ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, অফিসিয়াল কাউন্সিলর, সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। চসিকের সচিব মোহাম্মদ আবুল হোসেন এর উপস্থাপনায় অনুষ্ঠিত সাধারণ সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত ও মুনাজাত করা হয়। সভায় বিগত সাধারন সভা থেকে আজকের দিন পর্যন্ত নগরীতে যারা মৃত্যু বরণ করেছে তাদের আত্মার মাগফেরাত কামনা এবং ভাষাশহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। সভার সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও মহান একুশ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রতি বছরের ন্যায় এবারও সমাজসেবায় আলহাজ্ব নুরুল ইসলাম বিএসসি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে মরহুম নুর মোহাম্মদ রফিক, শিক্ষায় প্রিন্সিপ্যাল মরহুম সামশুদ্দিন মুহাম্মদ ইসহাক, ভাষা আন্দোলনে কৃষ্ণ গোপাল সেন, সাংবাদিকতায় পঙ্কজ দস্তিদার, গবেষনায় শামসুল হক, ক্রীড়ায় মরহুম ইউসুফ গনি চৌধুরী, সংগিতে প্রয়াত সৌরিন্দ্র লাল দাশগুপ্ত এবং কবি গান ও সংগিতে কল্পতরু ভট্টচার্য্যকে একুশে স্মারক সম্মাননা পদক ২০১৮ প্রদান এবং সাহিত্য বিষয়ে ৩ জনকে সাহিত্য পুরস্কার প্রদান এবং ১১ দিন ব্যাপী বই মেলা আয়োজন করা হয়েছে। তিনি বলেন, একুশে স্মারক সম্মাননা পদক ২৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. প্রদান করা হবে। চট্টগ্রাম নগরীকে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক মুক্ত করার লক্ষে ওয়ার্ড ভিত্তিক জনমত গঠন, প্রতিরোধ ও সচেতনতা সৃষ্টির লক্ষে সুধীসমাবেশ চলছে। প্রতিটি ওয়ার্ডে সকল রাজনৈতিক দল, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, এনজিওসহ নানা শ্রেণি ও পেশার

নাগরিকদের সমন্বয়ে ওয়ার্ড কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরের নেতৃত্বে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী কমিটি গঠন করা হবে। এ লক্ষে আগামী ১ মাসের মধ্যে ৪১টি ওয়ার্ডে সুধীসমাবেশ সমাপ্ত করা হবে। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, মাদকের ভয়াবহতা প্রতিদিনই বেড়ে যাচ্ছে। তথ্য মতে দেশের ৭০ লক্ষ মাদক সেবীর পরিসংখ্যান পাওয়া গেছে। মাদকসেবী ও বিক্রেতাদের কঠোর হস্তে দমন করা না গেলে সমাজের চরম অবনতির আশংকা রয়েছে। এ লক্ষে মেয়র বলেন, আইন শৃংখলা রক্ষায় নিয়োজিত বাহিনী, মাদক নিয়ন্ত্রণ দপ্তর ও সর্বস্তরের জনগণের সহযোগিতায় সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক নিয়ন্ত্রন কার্যক্রম জোড়দার করে চট্টগ্রামকে এ বিষয়ে আদর্শ নগরীতে পরিণত করার প্রয়াস গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসনিক ব্যয় ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। রাজস্ব আদায় লক্ষ্যমাত্রায় উপনীত হচ্ছে না। ফলে প্রশাসনিক ব্যয় হ্রাস করার কৌশল উদ্ভাবন করা হচ্ছে।

আয়বদ্ধক প্রকল্প কার্যকর করা, অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস করার উদ্যোগ নেয়া হচ্ছে। মেয়র আরো বলেন, গণপরিবহনগুলোর হাইড্রোলিক হর্ণ এর আওয়াজ প্রকট আকার ধারণ করেছে। এ সকল হর্ণ নিয়ন্ত্রনের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ধর্মীয় প্রতিষ্ঠান, উপাসনালয়, হাসপাতাল, ক্লিনিক ও শিক্ষা প্রতিষ্ঠানের মত স্থানের পাশে হর্ণ না বাজানোর সাইনবোর্ড লাগানোর উদ্যোগ গ্রহন করা হয়েছে। দুর্যোগ ও অগ্নিকান্ড মোকাবেলার জন্য শিক্ষা প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপন ব্যবস্থা জোড়দার করার উপর গুরুত্বারোপ করে মেয়র বলেন, নগরীকে ডাস্টবিন মুক্ত, পরিবেশ বান্ধব নগরীতে উন্নিত করার লক্ষ্যে আগামী ২ মাসের মধ্যে প্রধান সড়কের পাশে বিদ্ধমান ডাস্টবিন সরিয়ে ফেলা হবে। উন্নয়ন কার্যক্রম গতিশীল করার লক্ষে ওয়ার্ডে ওয়ার্ডে মনিটরিং জোড়দার করা হবে। এ লক্ষে মেয়র, কাউন্সিলর, প্রকৌশলী ও ঠিকাদারদের সাথে নিয়ে প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে দৃশ্যমান জায়গায় নামফলক স্থাপন এবং কাজের অগ্রগতি তদারক করা হবে। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরীর সৌন্দর্য বর্ধনের কার্যক্রম দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। এ লক্ষে লালদিঘী থেকে সিডিএ'র ভবন পর্যন্ত মিডআইল্যান্ড ১৫ দিনের মধ্যে সৌন্দর্য বর্ধন করার নির্দেশনা প্রদান করেন। সভায় একুশে বই মেলা, একুশে স্মারক সম্মাননা পদক প্রদান, সাহিত্য পুরস্কার প্রদান, বিদ্যুৎ পুলের চাহিদা নির্ধারণ, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয় সাধন, অস্থায়ী কর্মচারিদের বেতন বৃদ্ধি, ৫৯ বছর বয়সে স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতির ক্ষেত্রে মানবিক দিক বিবেচনায় ২ লক্ষ টাকার আর্থিক অনুদান প্রদান, নগরীর ৪১টি ওয়ার্ডে মেয়রের উপস্থিতিতে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সভার আয়োজন, প্রকৌশলী বিভাগের সক্ষমতা বৃদ্ধির লক্ষে সেমিনার আয়োজন, সিটি কর্পোরেশন সিডিউল অব রেইট ২০১৮ অনুমোদন, মহান একুশে ফেব্রুয়ারি কর্মসূচি গ্রহন, আন্তর্জাতিক নারী দিবস পালন, নারী ও শিশু নির্যাতন বিষয়ে সচেতনমূলক প্রচার, নকল ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য সামগ্রীর বিক্রয় পরিস্থিতি পর্যবেক্ষন ও মনিটরিং করণ, ডোর টু ডোর সংগৃহীত বর্জ্য ডাম্পিং এর জন্য সেকেন্ডারী স্পট সনাক্তকরণ, যানজট পূর্ণ সড়ক ও মোড় সমূহে কার পার্কিং এরিয়া চিহ্নিতকরণসহ নানা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন